দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 OCT 2016
পৃষ্ঠা ৮

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি ও তারিখ সম্পর্কে

আগে বিভিন্ন জেলায় স্থাপিত বিশ্ববিদ্যালয়গুলোতে শারীরিকভাবে উপস্থিত হয়ে ফর্ম পূরণ করতে হতো। বর্তমানে প্রযুক্তির উন্নতির সঙ্গে সঙ্গে ফর্ম পূরণের বিড়ম্বনা অনেকাংশে লাঘব হয়েছে। একই স্থান থেকে অন-লাইন বা মোবাইল ফোনের এসএমএসের মাধ্যমে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফর্ম পূরণ শুধু সময়ই বাঁচায়নি—কমিয়েছে বিড়ম্বনা, সাশ্রয় করেছে অর্থের। মেডিকেলে ভর্তি প্রক্রিয়াটি একটি দৃষ্টান্ত। একই প্রশ্নে একই দিনে পরীক্ষা নিয়ে মেধাক্রমানুসারে সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজগুলোতে শিক্ষার্থীরা ভর্তির সুযোগ পাচ্ছে। বিশিষ্ট শিক্ষাবিদ মুহম্মদ জাফর ইকবাল তাঁর কোনো এক লেখার প্রস্তাব করেছিলেন, সব প্রকৌশল বিশ্ববিদ্যালয় এবং সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়াটি হোক মেডিকেল ভর্তি পরীক্ষার অনুরূপ—তাহলে শিক্ষার্থীদের প্রত্যন্তাঞ্চলে ভর্তি পরীক্ষায় অংশগ্রণের জন্য ছুটোছুটি অনেকাংশে লঘব হবে। আবার এইচএসসি-তে যারা ভালো ফলাফল করল, উচ্চশিক্ষায় ভর্তির ক্ষেত্রে তারা সমস্ত বিড়ম্বনা পার হয়েও পরীক্ষায় অংশগ্রহণ করতে রাজি; কিন্তু একই তারিখে দেশের দুটি প্রান্তে দুটি বিশ্ববিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ কিভাবে সম্ভব? লক্ষণীয়, ঢাকা বিশ্ববিদ্যালয় 'ঘ' ইউনিট এবং খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয় পরীক্ষা একই দিন একই সময়ে অর্থাৎ ২৮/১০/২০১৬ তারিখে এবং ঠিক তার পরদিন অর্থাৎ ২৯/১০/২০১৬ তারিখ সকালে ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতি বছর উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থীদের সিংহভাগের প্রত্যাশা থাকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার। কিন্তু বাস্তবতার নিরিখে বিচার করলে এটা স্পষ্ট, সবার সে প্রত্যাশা পূরণ হয় না। এ অবস্থায়, উল্লিখিত সমস্যা অনুধাবনপূর্বক 'ঘ' ইউনিটের পরীক্ষার তারিখ পরিবর্তন করা হোক যাতে একই দিনে ঢাকার বাইরের বিশ্ববিদ্যালয়গুলোতে অংশগ্রহণকারী শিক্ষার্থীরাও যেন ঢাকা বিশ্ববিদ্যালয় 'ঘ' ইউনিটে পরীক্ষা দেওয়ার সুযোগ পায়।

**কাজী ওয়ারেস**, রোড ৯, প্লট ৯, নবোদয় হাউজিং 'এ' ব্লক, মোহাম্মদপুর, ঢাকা